

বেকম্যানস থার্ড ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ লীগ
নমুনা প্রশ্ন, বিন্যাস, নির্দেশনা
ভাষা বাংলা

বিভাগ : বিতর্ক

মানবণ্টন : (১০০%)

বক্তৃত্তা উপস্থাপন: ২০%

তথ্য : ৩০%

যুক্তি: ৩০%

সঙ্গতি: ২০%

নির্দেশিকা:

প্রতিটি দলে শুধুমাত্র ৩টি সদস্য থাকতে হবে- প্রথম বক্তা (পরিচিতি), দ্বিতীয় বক্তা (যুক্তিখন্ডন এবং বিস্তার), এবং তৃতীয় বক্তা (যুক্তিখন্ডন এবং সমাপ্তি)। প্রত্যেক বক্তার ভূমিকা নিম্নে বর্ণিত আছে। প্রতিযোগীদের এটি ভালোভাবে লক্ষ্য করার পরামর্শ দেয়া হচ্ছে।

প্রতিটি বক্তার জন্য সময় সীমা: প্রথম বক্তা - ২ মিনিট; দ্বিতীয় বক্তা - ৩ মিনিট; তৃতীয় বক্তা - ২.৫ মিনিট।

আপনাকে ওয়েবসাইটে আপলোড করা নমুনা ভিডিওগুলি দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

https://www.youtube.com/watch?v=0EuPuEZ2e74&ab_channel=BangladeshTelevision

https://www.youtube.com/watch?v=PaSJ26cYt8w&t=241s&ab_channel=BangladeshTelevision

বিতর্ক বিন্যাস এবং নির্দেশিকা:

প্রতিটি বিতর্ক প্রতিযোগিতায় দুটি করে দল থাকবে - পক্ষ দল এবং বিপক্ষ দল। পক্ষ দল বিষয়ের পক্ষে সমর্থন করবে এবং বিপক্ষ দল বিষয়ের বিপক্ষে যুক্তি দেবে। প্রতিযোগিতায় তাদের যুক্তি উপস্থাপনের জন্য উভয় দলই মোট ৭.৫ মিনিট সময় পাবে।

প্রথম বক্তা:

প্রতিটি দলের প্রথম বক্তার কাছে বিষয় উপস্থাপন করার জন্য মোট ২ মিনিট সময় দেওয়া হবে এবং তাদের অবস্থান স্পষ্টভাবে প্রকাশ করতে হবে।

দ্বিতীয় বক্তা:

প্রতিটি দলের দ্বিতীয় বক্তা তাদের অবস্থান গভীর ভাবে অনুসন্ধান করার জন্য ৩ মিনিট সময় দেওয়া হবে। তাদের অবস্থানকে সমর্থন করার জন্য যুক্তি এবং প্রমাণ প্রদানের পাশাপাশি বিরোধী দলের দ্বারা উপস্থিত যুক্তিগুলিকে মোকাবেলা করতে হবে।

তৃতীয় বক্তা:

প্রতিটি দলের তৃতীয় বক্তা বিতর্ক শেষ করার জন্য ২.৫ মিনিট সময় দেওয়া হবে। তারা মূল বিষয়গুলো সংক্ষিপ্তবৃত্তি করবে, প্রতিপক্ষের যুক্তির দুর্বলতা তুলে ধরবে এবং তাদের অবস্থান প্রতিপক্ষ দলের থেকে যৌক্তিক তা তুলে ধরবে।

নির্দেশিকা:

১. প্রতিটি বক্তাকে তাদের বক্তৃতার সময় একটি সম্মানজনক কণ্ঠস্বর বজায় রাখতে হবে। বিতর্কের সময় আপত্তিকর ভাষার ব্যবহার বা ব্যক্তিগত আক্রমণ কঠোরভাবে নিষিদ্ধ।
২. যুক্তি, তথ্য এবং প্রাসঙ্গিক তথ্যের উপর নির্ভর করে বিতর্কিত তাদের অবস্থান এবং মূল বিষয়কে সমর্থন করবে। প্রতিপক্ষের যুক্তিকে সুস্পষ্ট পাল্টা যুক্তি দিয়ে সম্বোধন করাকে উৎসাহিত করা হয়।
৩. বিতর্ক প্রতিযোগিতায় শুধুমাত্র গঠনমূলক পর্ব থাকবে (যুক্তিখন্ডন পর্ব থাকবে না)
৪. প্রতিটি বক্তাকে অবশ্যই সময়সীমা মেনে চলতে হবে। বিতর্ক চলাকালীন সময় প্রথমে সতর্কতামূলক সংকেত দেওয়া হবে এবং শেষে চূড়ান্ত সংকেত বরাদ্দকৃত সময়ের সমাপ্তি নির্দেশ করবে।

নমুনা

মাধ্যমিক (১ম-১০ম শ্রেণি)

১. সামাজিক যোগাযোগ মাধ্যম উপকারের চেয়ে ক্ষতি বেশি করে।
২. কম্পিউটারের মনিটর নয় প্রয়োজন লাইব্রেরীতে ধুলা পড়া বইয়ের।

উচ্চ মাধ্যমিক (১১তম - ১২তম শ্রেণি)

১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাংলা ভাষা শেখা বাধ্যতামূলক করা উচিত।
২. বর্তমান প্রজন্ম ধীরে ধীরে স্বাস্থ্য সচেতন হবার পরিবর্তে স্বাস্থ্য বিলাসী হয়ে পড়ছে।

স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়

- ১ প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থাই কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে পারে।

২. অর্থনীতির প্রবৃদ্ধি পরিবেশকে বিপর্যয়ের পথে ঠেলে দিচ্ছে।

আপনাকে ওয়েবসাইটে আপলোড করা নমুনা ভিডিওগুলি দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

https://www.youtube.com/watch?v=0EuPuEZ2e74&ab_channel=BangladeshTelevision

https://www.youtube.com/watch?v=PaSJ26cYt8w&t=241s&ab_channel=BangladeshTelevision